# সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ ঘর থেকে বের হতে

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঘর থেকে বের হতে

بِسْمِ اللَّهِ تَوَكَّلْتُ عَلَى اللَّهِ لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللَّهِ

উচ্চারণঃ- বিসমিল্লা-হ, তাওয়াক্কালতু আলাল্লা-হ, অলা হাওলা অলা কুউওয়াতা ইল্লা বিল্লা-হ।

অর্থ আল্লাহর নাম নিয়ে বের হচ্ছি, আল্লাহর উপর ভরসা করছি, আর আল্লাহর তওফীক ছাড়া পাপ থেকে ফিরার এবং সৎকাজ করার (নড়া-সার) শক্তি কারো নেই।।

এই দুআ পড়ে ঘর থেকে কোথাও বের হলে পাঠকারীর জন্য আল্লাহ যথেষ্ট হন, তাকে পথ নির্দেশ করা হয়, সকল প্রকার বিপদ থেকে রক্ষা করা হয় এবং শয়তান তার নিকট থেকে দুরে সরে যায়। (অঃ দাঃ ৪/৩২৫, তিঃ ৫/৪৯০)

২। আকাশের দিকে দৃষ্টিপাত করে এই দুআ পড়তে হয়,

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ أَنْ أَضِلَّ أَوْ أُضَلَّ ، أَوْ أَزِلَّ أَوْ أُزَلَّ ، أَوْ أَظْلِمَ أَوْ أُظْلَمَ ، أَوْ أَجْهَلَ أَوْ يُجْهَلَ عَلَيَّ

উচ্চারণ- আল্লা-হুম্মা ইন্নী আউযু বিকা আন আযিল্লা আউ উযাল্লা আউ আযিল্লা আউ উযাল্লা, আউ আযলিমা আউ উযলামা আউ আজহালা আউ যুজহালা আলাইয়্যা।*

অর্থ-হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি, আমি স্পষ্ট হই বা আমাকে ভষ্ট করা হয়, আমার পদস্থলন হয় বা পদস্থলন করানো হয়, আমি অত্যাচারী হই অথবা অত্যাচারিত হই অথবা আমি মূর্খামি করি অথবা আমার প্রতি মুখামি করা হয় -এসব থেকে। (সহীহ তিরমিযী ৩১৫২)।

## ফুটনোট

* দুই আযিল্লার মধ্যে পার্থক্য আছে। একটা দোয়াদ অন্যটা যা। আরবী দেখে উচ্চারন না মিলালে অর্থের পরিবর্তন হয়ে যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11693

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন